



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd



অন-লাইনে নাম সংশোধনের আবেদন করার সময় যে ডকুমেন্টগুলো প্রয়োজন

১. নাম সংশোধনের এফিডেভিট (নূন্যতম ২০০ টাকার স্ট্যাম্প);
 ২. পত্রিকায় বিজ্ঞপ্তি (স্থানীয় অথবা জাতীয় পত্রিকা);
 ৩. আবেদনকারীর এক কপি পাসপোর্ট সাইজ ছবি;
 ৪. সমাপনী পরীক্ষা (PECE) দিয়ে থাকলে সমাপনী সনদে নিজ, পিতা ও মাতার নাম সঠিক থাকলে মূল কপি স্ক্যান করে অবশ্যই দিতে হবে।
 ৫. সমাপনী সনদে নিজ, পিতা ও মাতার নাম সঠিক না থাকলে সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক তা সংশোধন করে সংশোধিত সমাপনী সনদের মূল কপি স্ক্যান করে অবশ্যই দিতে হবে।
 ৬. সমাপনী পরীক্ষা না দিয়ে থাকলে নিম্নোক্ত ডকুমেন্টস অন-লাইনে জমা দিতে হবে :
 - > চেয়ারম্যান / মেয়র কর্তৃক ওয়ারিশ (বাবা জীবিত না থাকলে) বা পারিবারিক সনদ (বাবা জীবিত থাকলে)
 - > নিজ, মা এবং বাবার এন.আই.ডি (জাতীয় পরিচয় পত্র);
 - > ভাই অথবা বোনের সনদ (যেখানে মা/বাবার নাম সঠিক ভাবে উল্লেখ আছে)
 ৭. জেএসসি, এসএসসি ও এইচএসসি সনদের স্ক্যান কপি (আবেদন অনুযায়ী);
 ৮. নাম সংশোধনের ফি (অন লাইন প্লিপ বা বিকাশের মাধ্যমে) :
 - ▶ জে.এস.সি ৫০০ টাকা ▶ এস.এস.সি ৮০০ টাকা ▶ এইচ.এস.সি ৮০০ টাকা(বি.দ্র. অনলাইনে আবেদন সম্পন্ন করার পর আপনার প্রতিষ্ঠান প্রধানের সাথে যোগাযোগ করে আবেদনটি অনলাইনেই অনুমোদন করিয়ে নিতে হবে)
- # # অনলাইন আবেদনের ঠিকানা : www.comillaboard.gov.bd > অভ্যন্তরীণ ই-সেবা > অনলাইনে নাম ও বয়স সংশোধনের আবেদন > Name Correction



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd



অন-লাইনে বয়স সংশোধনের আবেদন করার সময় যে ডকুমেন্টগুলো প্রয়োজন

১. প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট কর্তৃক বয়স সংশোধনের এফিডেবিট (নূন্যতম ২০০ টাকার স্ট্যাম্প);
২. পত্রিকায় বিজ্ঞপ্তি (স্থানীয় অথবা জাতীয় পত্রিকা);
৩. সিভিল সার্জন কর্তৃক বয়স নির্ধারণী মেডিকেল রিপোর্ট;
৪. আবেদনকারীর এক কপি পাসপোর্ট সাইজ ছবি;
৫. সমাপনী পরীক্ষা (PECE) দিয়ে থাকলে সমাপনী সনদে নিজ, পিতা ও মাতার নাম এবং বয়স সঠিক থাকলে মূল কপি স্ক্যান করে অবশ্যই দিতে হবে।
৬. সমাপনী সনদে নিজ, পিতা ও মাতার নাম এবং বয়স সঠিক না থাকলে সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক তা সংশোধন করে সংশোধিত সমাপনী সনদের মূল কপি স্ক্যান করে অবশ্যই দিতে হবে।
৭. সমাপনী পরীক্ষা না দিয়ে থাকলে বয়স সংশোধনের স্বপক্ষে প্রয়োজনীয় প্রমাণপত্র (যেমন : এন.আই.ডি, পাসপোর্ট, জন্ম নিবন্ধন সনদ ইত্যাদি) সাবমিট করতে হবে।
৮. জে.এস.সি ও এস.এস.সি সনদের স্ক্যান কপি (আবেদন অনুযায়ী);
৯. বয়স সংশোধনের ফি (অন লাইন প্লিপ বা বিকাশের মাধ্যমে):

▶ জে.এস.সি ৫০০ টাকা ▶ এস.এস.সি ১,০০০ টাকা।

(বি.দ্র. অনলাইনে আবেদন সম্পন্ন করার পর আপনার প্রতিষ্ঠান প্রধানের সাথে যোগাযোগ করে আবেদনটি অনলাইনেই অনুমোদন করিয়ে নিতে হবে এবং বোর্ড সভায় সাক্ষাতকারের সময় সকল মূল ডকুমেন্টসহ আবেদনকারী উপস্থিত থাকতে হবে)

অনলাইন আবেদনের ঠিকানা : www.comillaboard.gov.bd > অভ্যন্তরীণ ই-সেবা > অনলাইনে নাম ও বয়স সংশোধনের আবেদন > Age Correction

আপনার নাম বা বয়স সংশোধনের আবেদন বোর্ড কর্তৃক অনুমোদিত হলে করণীয়

নাম বা বয়স সংশোধনের বোর্ড সভায় আপনার আবেদনটি অনুমোদিত হলে আপনার সরবরাহকৃত মোবাইল নাম্বারে “This application approved by board” মেসেজটি পাবেন। এরপর আবেদনের সময় সরবরাহকৃত মোবাইল নাম্বার ও পাসওয়ার্ড টি ব্যবহার করে ফ্রেশ কপির জন্য অনলাইনে আবেদন করতে হবে। এক্ষেত্রে প্রতিটি ফ্রেশ ডকুমেন্টের জন্য আপনাকে ৪৫০.০০ (চারশত পঞ্চাশ) টাকা অনলাইন পেমেন্ট সম্পন্ন করে পরবর্তী মেসেজের জন্য অপেক্ষা করতে হবে।

পুনঃবিবেচনার আবেদনের ক্ষেত্রে করণীয়

আপনার আবেদন যদি অন-লাইনে “নাম ও বয়স সংশোধন কমিটি” কর্তৃক বাতিল বা Decline হয়, তাহলে আপনি ইচ্ছা করলে পুনরায় নাম সংশোধনের জন্য অন-লাইনে আবেদন করতে পারবেন। এক্ষেত্রে আপনাকে নাম সংশোধনের পক্ষে অতিরিক্ত ডকুমেন্ট অন-লাইনে সাবমিট করে অন-লাইন পেমেন্ট সম্পন্ন করতে হবে।